সংবাদ

তারিখ 21 AUG 2016
পৃষ্ঠা 8 কলাম 8

# উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষা গুরুত্বপূর্ণ হাতিয়ার : নাহিদ

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের শিক্ষা বান্ধব বিভিন্ন কর্মসূচির ফলে গত সাড়ে সাত বছরে দেশ আর্থসামাজিক ক্ষেত্রে বিশ্বব্যাপী প্রশংসিত অগ্রগতি অর্জন করেছে।'

মন্ত্রী গতকাল ঢাকায় ইডেন মহিলা কলেজ মিলনায়তনে শিক্ষা, গবেষণা ও কল্যাণ কেন্দ্রের উদ্যোগে 'বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা ও শিক্ষক সমাজ' শীর্ষক সেমিনারে বক্তৃতায় এ কথা বলেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমিরেটাস অধ্যাপক এম আনিসুজ্জামান, ওয়ার্ল্ড ফেডারেশন অব টিচার্স ইউনিয়ন-এর সভাপতি অধ্যাপক মাহফুজা খানম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাবেক সচিব ড. খন্দকার শওকত হোসেন, ইডেন মহিলা কলেজের বর্তমান অধ্যক্ষ অধ্যাপক গায়ত্রী চ্যাটার্জি এবং সাবেক অধ্যক্ষ অধ্যাপক রওশন জাহান এবং শিক্ষা, গবেষণা ও কল্যাণ কেন্দ্রের উপদেষ্টা কেইউ জোহরা জেসমিনও বক্তৃতা করেন।

আয়োজক সংগঠনের সভাপতি অধ্যাপক আয়েশা বেগমের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক কাজী জুলফিকার আলী।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থায় সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান শিক্ষক। শিক্ষার প্রসার ও মানোন্নয়নে দেশব্যাপী পরিচালিত সকল কর্মসূচির সাফল্য নির্ভর করছে শিক্ষকদের সততা, নিষ্ঠা ও আন্তরিকতার উপর।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষকদের মান-মর্যাদা ও স্বার্থকে সবসময় গুরুত্ব দিয়ে থাকে মন্তব্য করে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'শিক্ষকগণ তাদের ওপর অর্পিত মহান দায়িত্ব নিবেদিতপ্রাণে পালন করে যাবেন বলে আমি আশা করব।' অনুষ্ঠানে মন্ত্রী শিক্ষা, গবেষণা ও কল্যাণ কেন্দ্রের উদ্যোগে প্রকাশিত 'শিক্ষা প্রকাশ' শীর্ষক প্রকাশনার ২য় সংখ্যার মোড়ক উন্মোচন করেন।